

## নোয়ার নৌকার গল্প

অরুণ তপস্বী

কথিত আছে-

যখন প্রলয় হল জলোচ্ছ্বাসে ডুবে গেল সমস্ত পৃথিবী

নোয়ার নৌকায় চড়ে সমস্ত ফসলের

যাবতীয় উত্তরাধিকার

পৌঁছে গেল ভবিষ্যৎ মানুষের কাছে।

ভাঙায় ডাঙায়

প্রকৃতি মূর্ত হল আপন সজ্জায়

ফুল-ফল-বীজ ও ফসলে।

আজ খরা ও বন্যার চেয়ে ভয়ঙ্কর

নোয়াদের দানবীয় হাত

কেড়ে নেয় মানুষের শ্রমের ফসল

হাহাকারে ভরে যায় সমস্ত পৃথিবী-

খাদ্য চাই, বস্ত্র চাই, বাসস্থান, নিরাপত্তা চাই-

তখন

মহাজনী সমস্ত গুদাম

যেন এক একটা নোয়ার নৌকো

যে ভার নামবে কোথায়

কখন ও কার কাছে উত্তর পুরুষ

তার সদুত্তর পাবে কি কখনো?

আমাদের মাথাই খাই

তাতেই তৃপ্তি পাই।

### হিতোপদেশ

ঝড় না বৃষ্টি হবে, হবে ভূমিকম্প

তা শূনেই নিধিরাম করে লক্ষ্যবান্ধ

বললে কোথায় যাব কুঁড়ে ভাঙা পড়লে

কি করে বা আটকাবো চালখানা উড়লে।

হরেরাম বলে শোন বিচলিত হয়ো না

তিনদিন ভাত জল কিচ্ছুটি খেয়ো না

আদাজল খেয়ে লাগো তিনদিন পরে

সপ্তাহ ছয় থেকে বাড়ি থেকে সরে।

তারপরে যদি দেখ বাড়ি আছে আস্তো

সারাবার ভাবনাতে হয়ো নাকো ব্যস্তো